



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তুলা উন্নয়ন বোর্ড
নির্বাহী পরিচালকের কার্যালয়
তুলা ভবন, কৃষি খামার সড়ক
ফার্মগেট, ঢাকা-১২১৫।
www.cdb.gov.bd

কৃষিই সমৃদ্ধি

স্মারক নং-১২.০৭.০০০০.১০১.১১.০০২.১৩. ৩৪

তারিখঃ ২৫-০১-২০২৫ খ্রিঃ।

অফিস আদেশ

তুলা উন্নয়ন বোর্ড (সিডিবি)'র বিভাগীয় নিয়োগ/পদোন্নতি কমিটির গত ৩০-০৫-২০২৪ তারিখে অনুষ্ঠিত সভার সুপারিশ এবং সন্তোষজনক পুলিশ প্রত্যয়নের প্রেক্ষিতে নিম্নবর্ণিত প্রার্থীগণকে জাতীয় বেতনস্কেল, ২০১৫ এর ৯৭০০-২৩৪৯০/- টাকা বেতনক্রম ও বিধি মোতাবেক প্রাপ্য অন্যান্য ভাতাদিসহ রাজস্বখাতের ১৫তম গ্রেডভুক্ত "ট্রাক চালক" পদে শর্ত সাপেক্ষে অস্থায়ী ভিত্তিতে নিয়োগ প্রদান করা হলো।

| ক্র.নং | মেধাক্রম | প্রার্থীর নাম, পিতা ও মাতার নাম | রোল নম্বর | স্থায়ী ঠিকানা | পদায়নকৃত কর্মস্থল |
|--------|----------|--|-----------|--|--|
| ১ | ১ | রাজন চন্দ্র পিতা- লাল বাহাদুর মাতা- পূর্ণিমা রানী | ১৪০০০০২৭ | গ্রামঃ বিহারী, ডাকঘরঃ মাহিগঞ্জ উপজেলা/থানাঃ মাহিগঞ্জ, জেলাঃ রংপুর। | তুলা উন্নয়ন বোর্ড জোনাল কার্যালয়, রংপুর। |
| ২ | ২ | মোঃ আনিচুর রহমান পিতা- নাসির হাওলাদার মাতা- ফরিদা বেগম | ১৪০০০০১৬ | গ্রামঃ শিবপুর, ডাকঘরঃ কালিশুরী উপজেলা/থানাঃ বাউফল, জেলাঃ পটুয়াখালী। | তুলা উন্নয়ন বোর্ড, সদর দপ্তর, তুলা ভবন, কৃষি খামার সড়ক, ফার্মগেট ঢাকা। |
| ৩ | ৩ | মাস্টন উদ্দিন পিতা-মোঃ সফি উল্যা মাতা-রেজিয়া বেগম | ১৪০০০০২১ | গ্রামঃ শ্রীনাঙ্গা, ডাকঘরঃ চন্দেরহাট-৩৮৫০ উপজেলা/থানাঃ কবিরহাট, জেলাঃ নোয়াখালী। | তুলা উন্নয়ন বোর্ড জোনাল কার্যালয়, চুয়াডাঙ্গা। |

শর্তাবলী:

- প্রার্থী কোন সরকারি বা বেসরকারি প্রতিষ্ঠানে বর্তমানে কর্মরত থাকলে তাকে যথাযথ কর্তৃপক্ষের নিকট হতে অবমুক্তির আদেশ (Release Order) গ্রহণ করতে হবে;
- চাকুরীতে যোগদানকালে সরকারি বিধি অনুযায়ী সিভিল সার্জন কর্তৃক স্বাস্থ্য পরীক্ষার সন্তোষজনক প্রতিবেদন দাখিল করতে হবে;
- চাকুরিতে যোগদানের পর প্রার্থীকে ০২ (দুই) বৎসর শিক্ষানবিশ হিসেবে কাজ করতে হবে। শিক্ষানবিশ থাকাকালীন কর্তৃপক্ষ যদি মনে করেন যে, তাঁর/তাদের আচরণ ও কর্ম সন্তোষজনক নয় বা কর্মদক্ষ হবার সম্ভাবনা নেই তবে নিয়োগকারী কর্তৃপক্ষ তাঁর/তাদের চাকরির অবসান ঘটাতে পারবেন;
- শিক্ষানবিশের মেয়াদ সন্তোষজনকভাবে পূর্ণ হওয়ার পর অন্যান্য শর্তাদি পূরণ সাপেক্ষে তাঁর/তাদের চাকরি স্থায়ী করা হবে;
- শিক্ষানবিশকালে কোন যুক্তিসঙ্গত বা আইনসঙ্গত কারণে কোন প্রকার ক্ষতিপূরণ প্রদান ব্যতিরেকে কর্তৃপক্ষ যে কোন সময় চাকরিচ্যুত করতে পারবে;
- ভবিষ্যতে তাঁর শিক্ষাগত যোগ্যতার সনদ যাচাই এবং আবেদনপত্রে প্রদানকৃত তথ্যে কোন গরমিল পরিলক্ষিত হলে তাঁর নিয়োগপত্র তাৎক্ষণিকভাবে বাতিল করা হবে;
- যদি তিনি কোন বিদেশী নাগরিককে বিবাহ করে থাকেন অথবা বিবাহ করার প্রতিশ্রুতিবদ্ধ হয়ে থাকেন তবে এ নিয়োগ বাতিল বলে গণ্য হবে;

জ) এ আদেশে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি এরূপ কোন ক্ষেত্রে সরকারের প্রচলিত বিধি, আদেশ এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি বিধান দ্বারা প্রার্থীর চাকুরি নিয়ন্ত্রিত হবে;

ঝ) এ চাকুরিতে যোগদানের জন্য কোন ভ্রমণ ভাতা/দৈনিক ভাতা প্রদান করা হবে না।

২। উল্লিখিত শর্তাবলী প্রার্থীর নিকট গ্রহণযোগ্য হলে আগামী ০২-০২-২০২৫ তারিখে তাঁকে সকল শিক্ষণত যোগ্যতার সনদ, জাতীয় পরিচয় পত্র, নাগরিকত্ব সনদ এবং প্রয়োজনীয় কাগজপত্রাদির মূলকপি ও ১ (এক) সেট সত্যায়িত ফটোকপিসহ পদায়নকৃত কর্মস্থলে যোগদানের জন্য অনুরোধ করা হলো। নির্ধারিত তারিখে যোগদান না করলে তিনি চাকুরিতে যোগদান করতে ইচ্ছুক নন বলে ধরে নেওয়া হবে এবং এ নিয়োগাদেশ বাতিল বলে গণ্য হবে।

স্বাক্ষরিত/-

(ড. মোঃ ফখরে আলম ইবনে তাবিব)

নির্বাহী পরিচালক

ফোনঃ ০২-৪১০২৫৭৬৬

ই-মেইলঃ ed@cdb.gov.bd

তারিখঃ ১৫-০১-২০২৫ খ্রিঃ।

স্মারক নং-১২.০৭.০০০০.১০১.১১.০০২.১৩. ৩৪

জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলোঃ

১. সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দৃষ্টি আকর্ষণ: অতিরিক্ত সচিব, গবেষণা অনুবিভাগ)।
২. ডিভিশনাল কন্ট্রোলার অব একাউন্টস, রংপুর।
৩. চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, কৃষি মন্ত্রণালয়, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
৪. উপপরিচালক, তুলা উন্নয়ন বোর্ড, আঞ্চলিক কার্যালয়, যশোর/রংপুর।
৫. ডিস্ট্রিক্ট একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, চুয়াডাঙ্গা।
৬. সিভিল সার্জন, রংপুর/পটুয়াখালী/নোয়াখালী/চুয়াডাঙ্গা/ঢাকা।
৭. প্রধান তুলা উন্নয়ন কর্মকর্তা, তুলা উন্নয়ন বোর্ড, জোনাল কার্যালয়, রংপুর/চুয়াডাঙ্গা।
৮. তুলা উন্নয়ন কর্মকর্তা (আইসিটি শাখা), তুলা উন্নয়ন বোর্ড, তুলা ভবন, কৃষি খামার সড়ক, ফার্মগেট, ঢাকা (আদেশটি ওয়েব-সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৯. হিসাব রক্ষণ কর্মকর্তা, তুলা উন্নয়ন বোর্ড, তুলা ভবন, কৃষি খামার সড়ক, ফার্মগেট, ঢাকা।
১০. জনাব রাজন চন্দ্র, পিতা- লাল বাহাদুর, মাতা- পূর্ণিমা রানী, গ্রামঃ বিহারী, ডাকঘরঃ মাহিগঞ্জ, উপজেলা/থানাঃ মাহিগঞ্জ, জেলাঃ রংপুর।
১১. জনাব মোঃ আনিচুর রহমান, পিতা- নাসির হাওলাদার, মাতা- ফরিদা বেগম, গ্রামঃ শিবপুর, ডাকঘরঃ কালিশুরী, উপজেলা/থানাঃ বাউফল, জেলাঃ পটুয়াখালী।
১২. জনাব মঈন উদ্দিন, পিতা-মোঃ সফি উল্যা, মাতা-রেজিয়া বেগম, গ্রামঃ শ্রীনাঙ্গা, ডাকঘরঃ চন্দ্রহাট-৩৮৫০, উপজেলা/থানাঃ কবিরহাট, জেলাঃ নোয়াখালী।
১৩. অফিস/ব্যক্তিগত নথি।

(ড. মোঃ ফখরে আলম ইবনে তাবিব)

নির্বাহী পরিচালক

ফোনঃ ০২-৪১০২৫৭৬৬

ই-মেইলঃ ed@cdb.gov.bd